

মূল্যায়ন পরীক্ষা-২০২০

বিষয়: ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল অংশ)

পূর্ণমান-৭০

অষ্টম শ্রেণি

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট

যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও: $10 \times 7 = 70$

- ১। ভাগ্য আল্লাহ কর্তৃক নির্ধারিত। মানুষ নিজ কর্মের মাধ্যমে ভাগ্য পরিবর্তন করতে পারে। এক্ষেত্রে মানুষকে আল্লাহর উপর বিশ্বাস ও ধৈর্যধারণ করতে হবে।
- ক) শাফাআত কাকে বলে? ১
- খ) কিয়ামতের দিন কি কারণে শাফাআত করা হবে? বুঝিয়ে লিখ। ২
- গ) মানুষ কিভাবে কর্মের মাধ্যমে ভাগ্য পরিবর্তন করতে পারে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) দুনিয়ায় শান্তি ও পরকালে মুক্তি পেতে হলে মানুষের করণীয় দিক তুলে ধর। ৪
- ২। মাওলানা 'X' সাহেব তাফসিরুল মাহাফিলে শাফায়াত সম্পর্কে বয়ান দিতে গিয়ে বলেন, সেদিন মহানবি (স) শাফাআত না করলে কেহই জান্নাতে যেতে পারবেনা।
- ক) কিয়ামত কাকে বলে? ১
- খ) বারযাখ বলতে কি বোঝায়? ২
- গ) মহানবি (স) সেদিন কাদের শাফাআত করবেন? একে কি বলা হয়? এবং কারা এ শাফাআত প্রাপ্ত হবেন? ৩
- ঘ) হাশরের দিন কোন বিষয়ে শাফাআত সুগরা করা যাবে? এবং কার এ শাফাআত করতে পারবেন? বিশ্লেষণ কর। ৪
- ৩। মোসাম্মত 'ক' কথায় কথায় মিথ্যা বলে। তার আচরণে তার পরিবারের সবাই ক্ষিপ্ত। কেননা সে মিথ্যার সাথে আমানতের খিয়ানত করে থাকে।
- ক) মুহাম্মিনুন শব্দের ৩টি অর্থ লিখ। ১
- খ) নবি ও রাসুলের পার্থক্য লিখ। ২
- গ) মোসাম্মত 'ক' আচরণ কিসের শামিল? তার এরূপ আচরণ তাকে কিভাবে ক্ষতিগ্রস্ত করবে? উপস্থাপন কর। ৩
- ঘ) 'মিথ্যা মানুষকে ধ্বংস করে দেয়' কেন এবং কিভাবে? বিশ্লেষণ কর। ৪
- ৪। আমাদের আল্লাহর গুণে নিজেদের গুণান্বিত করতে হবে। সর্বক্ষেত্রে সত্য ও ন্যায়ের পথে চলতে হবে কেননা আল্লাহ সব বিষয় অবহিত।
- ক) ইমান কাকে বলে? ১
- খ) ইমানের ৭ম বিষয় বুঝিয়ে লিখ। ২
- গ) আমাদের কেন আল্লাহর গুণে গুণান্বিত হতে হবে? এর সুফল সহ লিখ। ৩
- ঘ) 'আমরা যাই করিনা কেন সে বিষয়ে আল্লাহ অবহিত' তাই আমাদের কিভাবে জীবন পরিচালনা করা উচিত? বিশ্লেষণ কর। ৪
- ৫। নিফাক মানুষকে ইসলামের শত্রুতে পরিণত করতে পারে। কেননা এটি ঈমানদার ও শয়তানের মধ্যে ব্যবধান সৃষ্টি করে।
- ক) আকাইদ মন্দের শাব্দিক সংজ্ঞা লিখ। ১
- খ) ঈমানের কয়েকটি দিক রয়েছে? বুঝিয়ে লিখ। ২
- গ) নিফাক কিভাবে মানুষকে ইসলামের শত্রুতে পরিণত করে? উপস্থাপন কর। ৩
- ঘ) নিফাক কিভাবে ঈমানদার ও শয়তানের মধ্যে ব্যবধান সৃষ্টি করতে পারে? শয়তানের কর্মকাণ্ডসহ উপস্থাপন কর। ৪

- ৬। মি. 'Y' সাহেব একজন ধনাঢ্য ব্যক্তি। তিনি প্রতি বছর মাসারিফের অর্ন্তগত লোকদের অর্থ সম্পদ দিয়ে থাকেন। এতে করে লোকেরা তাকে দোআ করে।
- ক) ইবাদত কাকে বলে? ১
- খ) হাজ্জ বলতে কি বোঝায়? ২
- গ) 'Y' সাহেব মাসারিফের অর্ন্তগত লোকদের যে অর্থ দিয়ে থাকেন তাকে কি বলে? ৩ মাসারিফের অর্ন্তগত কারা? একটি তালিকা তৈরি কর।
- ঘ) 'Y' সাহেব যে কাজটি করলেন তা অর্থনৈতিক ভারসাম্য বজায় কীভাবে বিরাট ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর! বিশ্লেষণ কর। ৪
- ৭। মি. 'M' সাহেব (৮ থেকে ১২) ইয় যিলহজ্জ তারিখে কাবায় অবস্থান করলেন এবং জায়রাতুল আকাবায় কংকর নিক্ষেপ করলেন।
- ক) সাঈ কাকে বলে? ১
- খ) তাওয়াক্ফে কুদূয বলতে বি বুঝ? ২
- গ) মি. 'M' সাহেব কখন জমরাতুল আকাবায় কংকর নিক্ষেপ করলেন? এটি কোন ধরণের কাজ? সে এ ধরণের আর কয়টি কাজ করতে হয়েছে তাকে? উপস্থাপন কর। ৩
- ঘ) মি. 'M' সাহেব কেন ৮ থেকে ১২ যিলহজ্জ কাবায় অবস্থান করেছিলেন? তুমি কি মনে কর সেই উদ্দেশ্যটি বিশ্ব ভ্রাতৃত্বের মাঝে মিলনকেন্দ্র হিসেবে কাজ করে থাকে? ৪
- ৮। পাশের গ্রামে এক দরিদ্র কৃষকের ঘরে ফুটফুটে কন্যা সন্তান জন্ম নিল। দরিদ্র কৃষক কন্যা সন্তান হওয়াতে মন খারাপ করল কেননা কন্যা সন্তানকে বড় করে বিয়ে দিতে হবে এবং অনেক টাকা খরচ করতে হবে। যা তার সামর্থের মধ্যে থাকবে না।
- ক) কুরবানি কাকে বলে? ১
- খ) যাকাতে মাসারিফ বলতে কি বুঝ? ২
- গ) সন্তান জন্ম নিলে ৭ম দিনে পিতামাতাকে কি কি পদক্ষেপ নিতে হয় এবং কেন বিশ্লেষণ কর। ৩
- ঘ) 'কন্যা সন্তান আল্লাহর নেয়ামতের মধ্যে অন্যতম নেয়ামত' কেন এবং কিভাবে? বিশ্লেষণ কর। ৪
- ৯। এই নিখিল বিশ্বে যে অনু পরিমাণ সৎকাজ করবে তাকে তা দেখানো হবে এবং অনু পরিমাণ মন্দ কাজ কাজ করবে হাশরের দিন তাও তাকে দেখানো হবে।
- ক) নাজিরা তিলাওয়াত কাবে বলে? ১
- খ) সুরা কাদরের ২ নং আয়াতে মহিমাম্বিত রাত বলতে কি বোঝানো হয়েছে? ২
- গ) উদ্দীপকে কথাগুলো কোন সুরায় অনুবাদের সাথে সম্পৃক্ততা খুঁজে পাওয়া যায়? উক্ত কথাগুলোর গুরুত্ব তুলে ধর। ৩
- ঘ) হাশরের দিন পূণ্যবানরা কিভাবে পুলসিরাত পার হবে? বিশ্লেষণ কর। ৪
- ১০। সেদিন ঘটবে মহাপ্রলয়। আর পৃথিবী সেদিন তার বৃত্তান্ত বর্ণনা করবে।
- ক) সুরাফিল এর নামকরণ কেন করা হয়েছে? ১
- খ) কিয়ামত বলতে কি বুঝ? ২
- গ) উদ্দীপকে কোন দিনের কথা বলা হচ্ছে? সেদিন কি কি ঘটবে? তুলে ধর। ৩
- ঘ) উদ্দীপকের বর্ণনা পাঠ্য বইয়ের কোন সুরার সাথে সম্পৃক্ত? উক্ত সুরা আমাদের কিভাবে শিক্ষা দিতে পারে বলে তুমি মনে কর। ৪